আলমডাঙ্গায় মাদক সেবনের দায়ে ২ যুবকের কারাদণ্ড

আলমডাঙ্গা উপজেলায় মাদক সেবনের দায়ে দুই যুবককে ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। আজ রবিবার সন্ধ্যায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও ভ্রাম্যমাণ আদালতের বিচারক রেজওয়ানা নাহিদ এই সাজা দেন।

সাজা পাওয়া যুবকেরা হলেন উপজলার গোবিন্দপুর মন্ডলপাড়ার মৃত শমসের আলীর ছেলে মো. এমদাদুল হক (২৭) ও এরশাদপুর গ্রামের গোরস্থান পাড়ার মোহাম্মদের ছেলে মো. হাবিবুর রহমান বাবুল (২৯)।

সহকারী কমিশনার (ভূমি) রেজওয়ানা নাহিদ বলেন, আজ রবিবার বিকেল সাড়ে ৪ টার দিকে উপজেলার বন্ডবিল এলাকায় মাদকবিরোধী অভিযান চালানো হয়। অভিযানে মাদকদ্রব্য সেবনরত অবস্থায় ২ এ্যাম্পুল বুপ্রেনরফাইন ইঞ্জেকশনসহ হাতেনাতে এমদাদুল হককে আটক করা হয়। বুপ্রেনরফাইন ইঞ্জেকশন সেবনের দায়ে পৌর এলাকার গোবিন্দপুর মন্ডলপাড়া এলাকার মো. এমদাদুল হককে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা করা হয়। এছাড়া মো. হাবিবুর রহমান বাবুলকে গাঁজা সেবনের দায়ে তিন মাসের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা, অনাদায়ে আরও তিন দিনের কারাদণ্ড দেওয়া হয়।

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অভিযানে সার্বিক সহযোগীতা করেন চুয়াডাঙ্গা জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের একটি দল।

কোটচাঁদপুরে মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষ্যে উপজেলা

প্রশাসন প্রস্তুতি সম্পন্ন

১৬ ডিসেম্বর মহান বিজয় উদযাপন উপলক্ষ্যে সকল প্রস্তুতি সম্পন্ন করেছেন,উপজেলা প্রশাসন। আজ শুক্রবার বিকেলে শেষ সময়ের প্রস্তুতি দেখতে কোটচাঁদপুর পাইলট বিদ্যালয় মাঠে আসেন সংশ্লিষ্টরা। আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক আছে বললেন নির্বাহী কর্মকর্তা।

প্রতি বছরের ন্যায় এ বছর ও কোটচাঁদপুরে উৎসব মুখর পরিবেশে উৎযাপিত হতে যাচ্ছে, মহান বিজয় দিবস।

আজ শুক্রবার বিকেলে স্থানীয় পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে চলছিল দিবসটি পালনের শেষ সময়ের প্রস্তুতি। আর এ সব দেখতে মাঠে আসেন,কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে, কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল- মামুন,উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা শাকী সালাম, মহিলা বিষয়ক কর্মকর্তা শিলা বেগম,আনসার ভিডিপি কর্মকর্তা শিহাব উদ্দিন।

এ ছাড়া উপস্থিত ছিলেন,উপজেলার বিভিন্ন বিদ্যালয়,কলেজ ও মাদ্রাসার শিক্ষক, শিক্ষিকা ও ওই সব প্রতিষ্ঠানের ছাত্র/ছাত্রীরা।

এ সময় কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বিদ্যালয় মাঠে চলছিল কুচকাওয়াজ। কুচকাওয়াজে অংশ গ্রহন করেন,কোটচাঁদপুর থানা। যার নেতৃত্ব দেন থানার উপপরিদর্শক (এসআই) নাজিবুল হক,আসাদুজ্জামানের নেতৃত্বে কুচকাওয়াজে অংশ গ্রহন করেন,আনসার সদস্যরা,এরশাদ আলীর নেতৃত্বে ফায়ার ডিফেন্স। এ ছাড়া কুচকাওয়াজে অংশ গ্রহন করেন,কোটচাঁদপুর পৌরসভাধীন বিভিন্ন বিদ্যালয়,কলেজ ও মাদ্রাসার ছাত্র /ছাত্রীরা।

এ ব্যাপারে কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক (ওসি) সৈয়দ আল-মামুন বলেন,সব ধরনের পরিস্থিতি মোকাবিলা করার মত সক্ষমতা রয়েছে আমাদের। আর এ সব বিষয় নিয়ে কোন থিয়েট মনে করছি না।

কোটচাঁদপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা উছেন মে বলেন,মহান বিজয় দিবস উদযাপনের সকল প্রস্তুতি সম্পন্ন হয়েছে। এরপরও কুচকাওয়াজের শেষ সময়ের প্রস্তুতি দেখতে এসেছিলাম মাঠে। আইন শৃংখলা নিয়ে কোন কিছু ভাবছেন কিনা,এমন প্রশ্নে তিনি বলেন,আইন শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক। তেমন কোন সমস্যা নাই।

জীবননগরে গৃহবধুকে হত্যা,বিচারের দাবীতে মানববন্ধন

জীবননগরে যৌতুকের টাকা না পেয়ে রিফাত জাহান চাদনী (২০) নামের এক গৃহবধুকে পিটিয়ে ও শ্বাসরুদ্ধ করে হত্যার প্রতিবাদে বিক্ষোভ ও মানববন্ধন করেছে ভুক্তভোগী পরিবার ও এলাকাবাসী। এছাড়া হত্যার সাথে জড়িদের ফাসির দাবী জানান তারা।

আজ বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪টার দিকে নিহত রিফাত জাহান চাদনীর নিজ এলাকা জীবননগর উপজেলার রায়পুর ইউনিয়নের মারুফদাহ সরকারী প্রাথমিক বিদ্যালয় মাঠে ভুক্তভোগী পরিবার এলাকাবাসী, শিক্ষার্থী ও ব্যবসায়ীদের অংশগ্রহণে এ মানববন্ধন ও বিক্ষোভ মিছিল করা হয়।

এসময় এলাকাবাসী ও পরিবারের লোকজন জানান, দেড় বছর আগে পাশ্ববর্তী মহেশপুরের উপজেলার গুড়দাহ গ্রামের মশিউর রহমানের সাথে পারিবারিক ভাবে বিয়ে হয়। বিয়ের কয়েকমাস পর থেকে ব্যবসার কথা বলে ২ লাখ টাকা যৌতুক দাবী করে নিহত চাদনীর স্বামী ও শুশুর বাড়ির লোকজন। তাদের দাবী অনুযায়ী ২ লাখ টাকা, একটি পালসার মটরসাইকেল ও একটি গরু মশিউর রহমানের হাতে তুলে দেয় চাদনীর পরিবার। এছাড়া বিভিন্ন সময় যৌতুকের জন্য চাদনীকে চাপ দিয়ে মারধর করতো স্বামী ও শুশুর বাড়ির লোকজন। গত কয়েকদিন ধরে পুনরায় ওই গৃহবধুর কাছ থেকে কয়েক লক্ষ টাকা যৌতুক দাবি করেন তার স্বামী যৌতুক লোভী মশিউর রহমান ।
এমতাবস্থায় ওই গৃহবধু বাবার বাড়ি থেকে যৌতুকের টাকা আনতে অস্বীকার করায় ডিসেম্বর মাসের ১১তারিখে সন্ধার সময় ওই গৃহবধুকে পিটিয়ে হত্যা করে উলঙ্গ অবস্থায় মৃতদেহ ঘরের মধ্যে ফেলে রেখে পালিয়ে যায় স্বামী মশিউর রহমান।চাদনী হত্যাকারী স্বামী মশিউর রহমান ও তার পরিবারের লোকজনকে সর্বোচ্চ শাস্তি দেওয়ার দাবী জানান স্থানীয় গ্রামবাসী।

নিহত চাদনীর ভাই হাসান আলী অভিযোগ করে বলেন,মশিউর আমাদের নিকট

থেকে অনেক টাকা নিয়েছে ।আমাদের একটা মাত্র বোন ।বোনের সুখের জন্য আমরা মশিউরকে একটি পালসার মটরসাইকেল কিনে দিয়েছি।সে আমার বোনকে অনেক কষ্ঠ দিয়ে হত্যা করেছে ,তার পায়ের তলায় কারেন্টের সট দিয়েছে এমন কি তার শরীরে কোন কাপড় চোপড় ছিল না।আমরা এর সঠিক তদন্ত চাই এবং এর সঠিক বিচার চাই ।

মানববন্ধনে আরও উপস্থিত ছিলেন, নিহত চাদনীর ভাই হাসান আলী ,রায়পুর ইউপি সদস্য আযাদ রহমান সারত,রায়পুর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারন সম্পাদক সাইদুর রহমান,ওয়াড আওয়ামীলীগের সভাপতি ইসমাইল বিশ্বাস,আঃ রশিদ,তারেক হোসেন,হাসান আলী,রুবেল হোসেন,সুমন হোসেন প্রমুখ।

ঝিনাইদহে নৌকার ৩ প্রার্থীকে শোকজ

নির্বাচনী আচরণ বিধি ভাঙার অভিযোগে ঝিনাইদহে আওয়ামী লীগের মনোনীত ৩ সংসদ সদস্য প্রার্থীকে শোকজ করেছে নির্বাচনী অনুসন্ধান কমিটি।

আজ বৃহস্পতিবার (১৪ ডিসেম্বর) সন্ধ্যায় কমিটি ঝিনাইদহ-১, ২ ও ৪ আসনের নির্বাচনী অনুসন্ধান কমিটির চেয়ারম্যান যুগ্ম জেলা ও দায়রা জজ মো: সোহাগ তালুকদার এবং নির্বাচন অনুসন্ধান কমিটির সভাপতি ও যুগ্ম জেলা ও দায়রা জজ মো: তৌফিকুল ইসলাম স্বাক্ষরিত এক চিঠি দিয়ে তাদের কাছে আচারণ বিধি লঙ্ঘনের ব্যাখ্যা চাওয়া হয়েছে।

শোকজকৃতরা হলেন ঝিনাইদহ-১ আসনের আওয়ামী লীগের মনোনীত প্রার্থী আব্দুল হাই এমপি,ঝিনাইদহ-২ আসনের আওয়ামী লীগের প্রার্থী তাহজীব আলম সিদ্দিকী এমপি ও ঝিনাইদহ-৪ আসনের প্রার্থী আনোয়ারুল আজীম আনার এমপি।

একই সাথে ঝিনাইদহ-৪ আসনের নৌকা প্রতীকের প্রার্থী আনারের কর্মী মোবারকগঞ্জ সুগার মিলস শ্রমিক ইউনিয়নের সভাপতি গোলাম রসুল ওরফে গো-রসুল,উপজেলা শ্রমিকলীগের সভাপতি ও ইউপি চেয়ারম্যান

ওয়াহিদুজ্জামান ওদু ও কালীগঞ্জ উপজেলা কমিউনিটি পুলিশের সাধারন সম্পাদক ইমদাদুল হক সোহাগকে কারণ দর্শাতে বলা হয়েছে। এ তথ্য নিশ্চিত করেছেন জেলা জ্যেষ্ঠ কর্মকর্তা মোঃ রোকনুজ্জামান।

জেলা নির্বাচন অফিস সূত্রে জানা যায়,আসন্ন জাতীয় সংসদ নির্বাচনের প্রতীক বরাদ্দের আগেই ওই সকল প্রার্থী ও তাদের কর্মী সমর্থকেরা শতশত মোটরসাইকেল নিয়ে মহড়া দিয়ে বিভিন্ন জায়গায় প্রতিপক্ষ প্রার্থীদের প্রকাশ্যে হুমকি-ধমকি প্রদান করে আসছিল। অনেক এলাকায় দেশীয় অস্ত্র-শস্ত্র ও লাঠিসোটা নিয়ে নৌকা প্রতীকের পক্ষে মিছিল করে জনমনে ভীতিকর পরিস্থিতি সৃষ্টি করছে।

এছাড়াও নির্বাচনী এলাকায় নৌকা প্রতীকের পক্ষে বিভিন্ন সভা- সমাবেশের নামে প্রতিপক্ষ প্রার্থীদেরকে নিয়ে অশালীন বক্তব্য প্রদান করা হয়েছে।

জেলা রিটার্নিং কর্মকর্তা ও জেলা প্রশাসক এসএম রফিকুল ইসলাম জানান,অবাধ,সুষ্ঠু,নিরপেক্ষ ও জবাবদিহিতামুলক নির্বাচন অনুষ্ঠিত করার জন্য আমরা বদ্ধপরিকর। যারাই নির্বাচনী আচরণ বিধি লঙ্ঘন করবে তাদের বিরুদ্ধে নির্বাচন কমিশন জিরো টলারেন্স নীতি অবলম্বন করবে। এরই ধারাবাহিকতায় তিন প্রার্থীসহ তাদের কয়েকজন কর্মীকে শোকজ করা হয়েছে।

মুজিবনগরে ৫ কেজি গাঁজা সহ মাদক ব্যবসায়ী আটক

মুজিবনগর উপজেলাকে মাদকমুক্ত করতে থানা পুলিশের নিয়মিত মাদকবিরোধী অভিযানের অংশ হিসেবে মুজিবনগরে ৫ কেজি গাঁজা সহ রাজু আহমেদ নামে এক মাদক ব্যবসায়ীকে আটক করেছেন থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় গোপন সংবাদের ভিত্তিতে মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্তের নির্দেশে মুজিবনগর মেহেরপুর প্রধান সড়কের হীরা ইট ইটভাটার সামনে ইজিবাইকে করে দুইটি মরিচের বস্তার ভিতর করে গাঁজা নিয়ে যাওয়ার সময় মুজিবনগর থানার এস আই

সজিবুর রহমানের নেতৃত্বে সঙ্গীয় এএসআই দরবেশ ফকির এএসআই সোহেল রানা, এএসআই সাখাওয়াত হোসেন ও এএসআই ফারজানা খাতুন সহ থানা পুলিশের একটি টিম মরিচের বস্তার ভিতরে ৪ টি পোটলা থেকে ৫ কেজি গাঁজা সহ মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস গ্রামের ফজলুল হক পিন্টু এর ছেলে রাজু আহমেদকে আটক করে।

মুজিবনগর থানার অফিসার ইনচার্জ ওসি উজ্জ্বল দত্ত জানান,আটকৃত মাদক ব্যবসায়ীর বিরুদ্ধে মুজিবনগর থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মাদক মামলা রজু করে আগামীকাল তাকে কোর্টে প্রেরণ করা হবে।

মুজিবনগর থানার নবাগত ওসির সাথে সাংবাদিকদের সৌজন্য সাক্ষাৎ

মুজিবনগর থানার নবাগত অফিসার ইনচার্জ (ওসি) উজ্জ্বল দত্ত এর সাথে সৌজন্য সাক্ষাৎ ও ফুলের শুভেচ্ছা জানিয়েছেন মুজিবনগর উপজেলার সাংবাদিকবৃন্দ।

আজ বৃহস্পতিবার সন্ধ্যায় অফিসার ইনচার্জের অফিস রুমে সৌজন্য সাক্ষাৎ শেষে ফুলের শুভেচ্ছা জানানো হয়।

এ সময় উপস্থিত ছিলেন, মুজিবনগর প্রেসক্লাবের (সাবেক) সহ-সভাপতি দৈনিক জবাবদিহি পত্রিকার মুজিবনগর প্রতিনিধি শাকিল রেজা, মুজিবনগর প্রেসক্লাবের (সাবেক) সাংগঠনিক সম্পাদক ভোরের কাগজ ও মেহেরপুর প্রতিদিনের উপজেলা প্রতিনিধি হাসান মোস্তাফিজুর রহমান (শেরখান), বিজনেস বাংলাদেশ পত্রিকার জেলা প্রতিনিধি সানোয়ার হোসেন ডালিম, দৈনিক ইনকিলাব পত্রিকার মুজিবনগর প্রতিনিধি ফিরোজুর রহমান, দৈনিক সত্য খবর পত্রিকার মুজিবনগর প্রতিনিধি তুহিন, দৈনিক গড়ব বাংলাদেশ পত্রিকার মুজিবনগর উপজেলা প্রতিনিধি জাহিদ হাসান,দৈনিক সকালের সময় প্রত্রিকার মুজিবনগর প্রতিনিধি আব্দুল খালেক, দৈনিক পশ্চিমাঞ্চল পত্রিকার মুজিবনগর প্রতিনিধি

শরিফুল ইসলাম, দৈনিক মুজিবনগর টুডে প্রতিনিধি আনোয়ার হোসেন।

দামুড়হুদায় বুপ্রেনরফেইন ইনজেকশন সহ আটক ১

দামুড়হুদা মডেল থানাধীন কার্পাসডাঙ্গা ক্যাম্প পুলিশ কর্তৃক মাদক বিরোধী বিশেষ অভিযানে ১০০পিচ বুপ্রেনরফেইন ইনজেকশন উদ্ধার সহ ১ জনকে আটক করেছে। গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৬টার দিকে।

আটককৃত আসামি সজিব হোসেন (২৮), উপজেলার কার্পাসডাঙ্গা ইউনিয়নের পীরপুরকুল্লা গ্রামের মোঃ হারুন অর রশিদের ছেলে।

পুলিশ সূত্রে জানা গেছে দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ ওসি আলমগীর কবিরের নেতৃত্বে কার্পাসডাঙ্গা ক্যাম্পের এসআই ইমরান হোসেন, এএসআই মোঃ মসলেম উদ্দিন, সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী বিশেষ অভিযান পরিচালনা কালে গোপন সংবাদের ভিত্তিতে কার্পাসডাঙ্গা গ্রামস্থ জনৈক মালেক মিয়ার পদ্মা ব্রিকস এর সামনে কার্পাসডাঙ্গা হইতে সুবলপুরগামী পাকা রাস্তার উপর হইতে আসামী সজিব হোসেনকে ১০০ (একশত) পিচ বুপ্রেনরফেইন ইনজেকশন সহ হাতেনাতে গ্রেফতার করে।

গ্রেফতারকৃত আসামীর বিরুদ্ধে দামুড়হুদা মডেল থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে নিয়মিত মামলা রুজু করা হয়েছে।

ঝিনাইদহে মরা ছাগলের মাংস

বিক্রয়ের অভিযোগে এক জনকে কারাদন্ড

ঝিনাইদহ সদর উপজেলার কুমড়াবাড়িয়া ইউনিয়নের ডেফলবাড়ী এলাকায় মরা ছাগল জবাই করে মাংস বিক্রির অভিযোগে, একজনকে আটক করে এক মাসের বিনাশ্রম কারাদন্ড দিয়েছে ভ্রাম্যমাণ আদালত।

আজ বুধবার বিকাল ৫টায় ভ্রাম্যমাণ আদালতের বিচারক ও জেলা প্রশাসনের নির্বাহী মাজিস্ট্রেট এস এম নুরুন্নবী এ শাস্তি প্রদান করেন।

দন্ডপ্রাপ্ত ব্যক্তি হলেন সদর উপজেলার নৈহাটি গ্রামের এনামুল মন্ডলের ছেলে সবুজ মন্ডল। সদর উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা মনোজ কুমার জানান, সদর উপজেলার গান্না হাট থেকে পাঁচটি মরা ছাগল অটোযোগে ডেফলবাড়ি গ্রামে নিয়ে এসে তা জবাই করে বিক্রির জন্য প্রস্তুত করছিল। পরে ঘটনাস্থলে জেলা গোয়েন্দা পুলিশের একটা দল তাদেরকে আটক করে।

ভ্রাম্যমাণ আদালতের বিচারক এসএম নুরুন্নবী জানান, অভিযুক্ত ওই ছাগল ব্যবসায়ী নিজের দোষ স্বীকার করলে তাকে নগদ এক হাজার টাকা জরিমানা ও এক মাসের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়।

জীবননগরে নাশকতা মামলায় যুবদলের সদস্য আটক

জীবননগর থানা পুলিশের বিশেষ অভিযান নাশকতা মামলায় যুবদলের সদস্যকে আটক করা হয়েছে।

আজ বুধবার জীবননগর থানার অফিসার ইনচাজ (ওসি) এস.এম. জাবীদ হাসানের নিদেশে জীবননগর থানার এসআই(নি:) সিরাজুল আলম সঙ্গীয় ফোর্স নিয়ে জীবননগর উপজেলার বিভিন্ন স্থানে অভিযান পরিচালনা করে উপজেলার উথলী গ্রামের মাঝের পাড়ার নিজাম উদ্দীনের ছেলে নাশকতা

মামলায় এজাহারে সন্দিগ্ধ আসামী মোঃ ইমরান হোসেন (২৮) আটক করে ।

আটককৃত আসামীকে বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে।

মুজিবনগরের কোমরপুর বাজারে ভোক্তার অভিযান, দুটি ফার্মেসীকে জরিমনা

মেহেরপুরের মুজিবনগর উপজেলার কোমরপুর ও মহাজনপুর বাজারে অভিযান চালিয়ে মেয়াদ উত্তীর্ণ ওষুধ রাখায় দুটি ফার্মেসীকে ২৫ হাজার টাকা জরিমানা করেছে ভোক্তা অধিকার।

আজ বুধবার দুপুরে ভোক্তা অধিকারের সহকারী পরিচালক সজল আহমেদ এ অভিযান পরিচালনা করেন। দণ্ডিতরা হলেন- কোমরপুর বাজারের ইউসুফ ফার্মেসীর মালিক মনিরুল ইসলাম ও ভাই ভাই ফার্মেসীর মালিক আব্দুল জাব্বার।

সজল আহমেদ জানান, কোমরপুর বাজারে কয়েকটি ফার্মেসী প্রতিষ্ঠানে তদারকি করা হয়। এসময় মেসার্স মেসার্স ইউসুফ ফার্মেসী নামক প্রতিষ্ঠানে পুর্বে সতর্ক করা সত্ত্বেও প্রচুর মেয়াদ উত্তীর্ণ ঔষধ র্যাকে সংরক্ষণ ও বিক্রয়ের অপরাধে প্রতিষ্ঠানটির মালিক মো: মনিরুল ইসলামকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৫১ ধারায় ১৫ হাজার টাকা এবং মেসার্স ভাই ভাই ফার্মেসীর মালিক মো: আব্দুল জব্বারকে একই অপরাধ ও ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়। এর আগে পেয়াজসহ অন্যান্য পণ্যের মুল্যতালিকা ও ক্রয়-বিক্রয় ভাউচার যাচাই করা হয়| তদারকিতে দেখা যায় সেখানে প্রতিকেজি পেয়াজ খুচরা বিক্রয় হচ্ছে ৭০-৮০ টাকায়।

পরবর্তীতে অভিযান চলাকালে সকল ব্যবসায়ীতে ভাউচার ও মুল্যতালিকা রাখার নির্দেশনা দেয়া হয় এবং সবাইকে ভোক্তা অধিকার বিরোধী কাজ থেকে বিরত থাকার জন্য সতর্ক করা হয় এবং সচেতনতামূলক লিফলেট বিতরণ করা হয়।

অভিযানে সহযোগিতা করেন মুজিবনগর উপজেলা স্যানিটারি ইন্সপেক্টর তারিকুল ইসলাম এবং মেহেরপুর পুলিশ লাইনের একটি টিম।